

💵 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

রাসূলুল্লাহ (ছাঃ)-এর হিজরত (مجرة الرسول صـ)

ঠাট্টা-বিদ্রুপ, কা'বায় ছালাত আদায়ে বাধা ও নানাবিধ কষ্ট দানের পরেও কোনভাবে রাসূলুল্লাহ (ছাঃ)-কে দমিত করতে না পেরে অবশেষে তারা তাঁকে হত্যার সিদ্ধান্ত নেয়। যেটা ছিল হিজরতের প্রত্যক্ষ কারণ। ইবনু আববাস (রাঃ) বলেন, কুরায়েশ নেতাদের একটি দল হিজরে (الْحِبْ) একত্রিত হয়। অতঃপর লাত, মানাত ও 'উযযার নামে শপথ করে বলে যে, এবার আমরা মুহাম্মাদকে দেখলে একযোগে তার উপরে ঝাঁপিয়ে পড়ব এবং হত্যা না করা পর্যন্ত তাকে ছেড়ে আসব না'।

একথা জানতে পেরে ফাতেমা কাঁদতে কাঁদতে পিতার কাছে এলেন এবং উক্ত খবর দিয়ে বললেন যে, ঐ নেতারা আপনাকে হত্যা করে রক্তমূল্য নিজেরা ভাগ করে পরিশোধ করবে। রাসূল (ছাঃ) বললেন, বেটি! আমাকে ওযূর পানি দাও। অতঃপর ওয়ু করে তিনি সোজা হারামে চলে গেলেন ও তাদের মজলিসে প্রবেশ করলেন। তারা তাঁকে দেখে বলে উঠল, এই তো সে ব্যক্তি। কিন্তু কেউ তাঁর দিকে চোখ তুলে তাকাতে বা উঠে দাঁড়িয়ে তাঁর দিকে এগিয়ে আসতে সাহস করল না। এ সময় তিনি তাদের দিকে এক মুষ্টি মাটি ছুঁড়ে মেরে বলেন, شَاهَتِ الْمُجُونُ 'চেহারাসমূহ ধূলি মলিন হৌক'! রাবী বলেন, ঐ মাটি যার গায়েই লেগেছিল, সেই-ই বদরের যুদ্ধে কাফের অবস্থায় নিহত হয়েছিল'।[1]

উল্লেখ্য যে, হযরত নূহ, ইবরাহীম ও মূসা (আঃ) আল্লাহর পথে চরমভাবে নির্যাতিত হয়েছেন। অন্যদের মধ্যে বহুসংখ্যক নবীকে সরাসরি হত্যা করা হয়েছে। অতঃপর শেষনবী মুহাম্মাদ (ছাঃ)-কে হত্যা করতে সক্ষম না হ'লেও তাকে মর্মান্তিকভাবে নির্যাতন করা হয়েছে। যেমন হয়রত আনাস (রাঃ) হ'তে বর্ণিত রাসূলুল্লাহ (ছাঃ) এরশাদ করেন, وَلَقَدْ أُخِفْتُ فِي اللهِ وَمَا يُخْلَفُ أُوذِيتُ فِي اللهِ وَمَا يُخْلَفُ أُوذِيتُ فِي اللهِ وَمَا يُخْلُفُ ذُو كَبِد إِلاَّ شَيْءٌ يُوارِيهِ إِبْطُ بِلاَلٍ طَعَامٌ يَأْكُلُهُ ذُو كَبِد إِلاَّ شَيْءٌ يُوارِيهِ إِبْطُ بِلاَلٍ طَعَامٌ يَأْكُلُهُ ذُو كَبِد إِلاَّ شَيْءٌ يُوارِيهِ إِبْطُ بِلاَلٍ طَعَامٌ يَأْكُلُهُ ذُو كَبِد إِلاَّ شَيْءٌ يُوارِيهِ إِبْطُ بِلاَلٍ صَالِكُ مِنْ بَيْنِ يَوْمٍ وَلَيْلَةٍ وَمَا لِي وَلِبِلاَلٍ طَعَامٌ يَأْكُلُهُ ذُو كَبِد إِلاَّ شَيْءٌ يُوارِيهِ إِبْطُ بِلاَلٍ صَالَا مَا يَعْامٌ يَأْكُلُهُ ذُو كَبِد إِلاَّ شَيْءٌ يُوارِيهِ إِبْطُ بِلاَلٍ صَالَا مَا عَامٌ يَأْكُلُهُ ذُو كَبِد إِلاَّ شَيْءً يُوارِيهِ إِبْطُ بِلاَلٍ صَالَا مَا عَلَهُ مَا عَرَالِهُ وَمَا لِي وَلِبِلالٍ طَعَامٌ يَأْكُلُهُ ذُو كَبِد إِلاَّ شَيْءً يُوارِيهِ إِبْطُ بِلالٍ وَمَا لِي وَلِبِلالٍ طَعَامٌ يَاكُلُهُ دُو كَبِد إِلاَّ شَيْءً يُوارِيهِ إِبْطُ بِلالٍ قَامَ مَا عَلَهُ وَمَا لَمْ وَلَيْلَةٍ وَمَا لِي وَلِبِلالٍ طَعَامٌ يَأْكُلُهُ ذُو كَبِد إِلاَّ شَيْءً يُوارِيهِ إِبْطُ بِلالٍ قَامَ مَا مَا مَا مَا مَا مَا مُولِهُ وَلَا لِيهُ وَمَا لَمْ وَالْمُ عَلَمُ عَلَيْ وَمَا لَمْ وَالْمُ وَمَا لَمْ وَالْمُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَلَهُ وَلَالِهُ وَاللهُ وَمَا لَمْ وَالْمُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَلَهُ وَلَا لَهُ وَالْمُولِةُ وَلَا لَا عَلَامٌ عَلَا لَا عَامٌ لَكُوا لَا عَلَيْهُ وَاللّهُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَالْمُ وَلَيْلَةً وَمَا لَمُ وَلِيلًا لِمُعَامِّ وَالْمُهُ وَلَالْمُ وَالْمُولِقُ وَالْمُولِقُ وَالْمُولِقُ وَلَا اللّهُ وَاللّهُ وَلَا لَا لَا عَلَاللهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا لَا لَا عَلَالْهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَلَا لَا لَاللّهُ وَلَا لَا لَا عَلَاللهُ وَاللّهُ وَاللّهُ وَلَا لَا لَاللّهُ وَلَا لَا لَاللّهُ وَلَا لَا لَا لَا لَا لَاللّهُ وَاللّهُ وَلَا

বলা বাহুল্য এভাবে চূড়ান্ত পরীক্ষার সম্মুখীন হওয়ার পরেই আল্লাহ তাঁকে হিজরতের অনুমতি দেন।

ফুটনোট

[1]. আহমাদ হা/২৭৬২, ৩৪৮৫, সনদ হাসান; হাকেম হা/৫৮৩, ৩/১৫৭; সিলসিলা ছহীহাহ হা/২৮২৪; সীরাহ ছহীহাহ ১/১৫৩-৫৪।



[2]. আহমাদ হা/১২২৩৩, ১৪০৮৭; তিরমিযী হা/২৪৭২; ইবনু মাজাহ হা/১৫১; সীরাহ ছহীহাহ ১/১৫৪।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5349

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন